বন্ধুদের যুক্ত করে পোস্ট রাখা যাবে ইনস্টাগ্রামে

বন্ধুদের যুক্ত করে পোস্ট সংরক্ষণের সুযোগ চালু করেছে ইনস্টাগ্রাম। সংরক্ষিত পোস্টগুলো কালেকশনে জমা হবে। এক টুইটার বার্তায় এ ঘোষণা দিয়েছে মেটার মালিকাধীন প্রতিষ্ঠানটি। ইনস্টাগ্রাম বলছে, ‘কলাবোরেটিভ কালেশন’–এ ব্যবহারকারী ও তাঁর বন্ধুরা আধেয় (কনটেন্ট) সংরক্ষণ করতে পারবেন। তাঁরা সবাই সংরক্ষিত আধেয় দেখতে ও জমা রাখতে পারবেন।

২০১৭ সালে পিনটারেস্টের মতো এই সংরক্ষণ সুবিধা চালু করে ইনস্টাগ্রাম। তখন বিভিন্ন ভাগে (ক্যাটাগরি) পোস্ট সংরক্ষণ ও গুছিয়ে রাখার সুযোগ পেতেন ব্যবহারকারীরা। এখন ব্যবহারকারীরা তাঁদের বন্ধুদের যুক্ত করে কালেকশনে আধেয় যোগ করার সুযোগ পাচ্ছেন।

ইনস্টাগ্রামের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) অ্যাডাম মোসেরি বলেন, ব্যবহারকারী ও তাঁর বন্ধুরা ইনস্টাগ্রামের ফিড, এক্সপ্লোর পাতা এবং এমনকি ডিএম (ডাইরেক্ট মেসেজ) থেকে পোস্ট সংরক্ষণ করতে পারবেন। সুবিধাটি ব্যবহারের জন্য নির্দিষ্ট পোস্টের নিচের অংশে ডান দিকে থাকা বুকমার্ক অপশনে ট্যাপ করার পর ক্রিয়েট আ নিউ কলাবোরেটিভ অপশন নির্বাচন করে বন্ধুদের যুক্ত করা যাবে। সংরক্ষণের আগে কালেকশনটির নাম দিতে হবে। একটি কলাবোরেটিভ কালেকশনে সর্বোচ্চ ২৫০ জন বন্ধুকে যোগ করা যাবে।

ইনস্টাগ্রাম বলছে, চ্যাট ব্যবহার করেও কলাবোরেটিভ কালেকশন তৈরি করা যাবে। এরপর চ্যাটে যুক্ত থাকা যে কেউ শেয়ার করা কালেকশন থেকে ছবি যোগ করতে বা সরাতে সক্ষম হবেন। ব্যক্তিগত অ্যাকাউন্টের কোনো পোস্ট কলাবোরেটিভ কালেকশনে যোগ করলে শুধু সেই অ্যাকাউন্টের অনুসারীরা পোস্টটি দেখতে সক্ষম হবেন।

সূত্র: প্রথমআলো

ব্যাংক হিসাবের পাসওয়ার্ড চুরি করছে নেক্সাস ম্যালওয়্যার

অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমে চলা ফোন বা ট্যাবলেট কম্পিউটার থেকে গোপনে ব্যবহারকারীর ব্যাংক হিসাবের পাসওয়ার্ড চুরি করছে নেক্সাস ম্যালওয়্যার। ম্যালওয়্যারটি সাধারণত বিভিন্ন অ্যাপের মাধ্যমে ফোন বা ট্যাবলেট কম্পিউটারে প্রবেশ করে। এরপর ব্যবহারকারীরা অনলাইন অর্থ লেনদেনের জন্য হিসাবের (অ্যাকাউন্ট) নাম ও পাসওয়ার্ড লিখলেই সেসব সংগ্রহ করে সাইবার অপরাধীদের কাছে পাঠিয়ে দেয় বলে জানিয়েছে সাইবার নিরাপত্তা প্রতিষ্ঠান ক্লিফি।

ক্লিফির সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞরা জানিয়েছেন, জনপ্রিয় ব্যাংকিং অ্যাপের আদলে তৈরি ভুয়া অ্যাপের মাধ্যমেও ব্যবহারকারীদের ফোন বা ট্যাবলেট কম্পিউটারে প্রবেশ করে নেক্সাস ম্যালওয়্যার। বিভিন্ন ব্যাংকিং অ্যাপের ছদ্মাবরণে তৈরি হওয়ায় ব্যবহারকারীরা বিভিন্ন ওয়েবসাইট থেকে ম্যালওয়্যারযুক্ত অ্যাপ নামিয়ে থাকেন। এ কারণে দ্রুত ছড়িয়ে পড়ছে ম্যালওয়্যারটি।

ফোন বা ট্যাবলেট কম্পিউটারসহ বিভিন্ন অ্যাপের দুই স্তরের নিরাপত্তাব্যবস্থাও এড়াতে পারে ম্যালওয়্যারটি। শুধু তা–ই নয়, অনলাইনে অর্থ লেনদেনের সময় ব্যাংকের পাঠানো খুদে বার্তাও মুছে ফেলে। ফলে ব্যবহারকারীদের অজান্তেই অর্থ চুরি করতে পারে সাইবার অপরাধীরা।

অ্যান্ড্রয়েড ব্যবহারকারীদের ক্ষতিকর এ ম্যালওয়্যার সম্পর্কে সতর্কতা অবলম্বন করতে বলেছেন সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞরা। শুধু প্লে স্টোর বা নির্দিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে অ্যাপ নামানোরও পরামর্শ দিয়েছেন তাঁরা।

সূত্র: অ্যান্ড্রয়েড পুলিশ

পুরোনো আইফোন ও আইপ্যাডের জন্য অপারেটিং সিস্টেম হালনাগাদ করল অ্যাপল

অ্যাপল সচরাচর পুরোনো মডেলের আইফোন ও আইপ্যাডের জন্য অপারেটিং সিস্টেম হালনাগাদ করে না। কিন্তু সম্প্রতি সাফারি ব্রাউজারের ওয়েবকিটে ভয়ংকর নিরাপত্তা ত্রুটির সন্ধান পেয়েছে অ্যাপল। শনাক্ত হওয়া ত্রুটিটি হ্যাকাররা ব্যবহার করতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। আর তাই তড়িঘড়ি করে নতুন মডেলের আইফোন ও আইপ্যাডের জন্য অপারেটিং সিস্টেম হালনাগাদ করে প্রতিষ্ঠানটি। তবে সংস্করণটি পুরোনো আইফোন ও আইপ্যাডে ব্যবহার করা যায় না। এ সমস্যা সমাধানে পুরোনো আইফোন ও আইপ্যাডের জন্য ‘আইওএস ১৫.৭.৪’ ও ‘আইওপ্যাডওএস ১৫.৭.৪’ উন্মুক্ত করেছে অ্যাপল।

অ্যাপলের তথ্যমতে, সাফারি ব্রাউজারের ওয়েবকিটের নিরাপত্তা ত্রুটি কাজে লাগিয়ে হ্যাকাররা চাইলেই ব্যবহারকারীদের যন্ত্রে নতুন কোড যুক্ত করে সাইবার হামলা চালাতে পারেন। এরই মধ্যে বেশ কিছু আইফোনে এমনটি করা হয়েছে বলেও ধারণা করা হচ্ছে। আর তাই সতর্ক না হলে যেকোনো সময় সাইবার হামলার কবলে পড়তে পারেন অন্য ব্যবহারকারীরা।

আইফোন৬এস, আইফোন৬এস প্লাস, আইফোন৭, আইফোন৭ প্লাস, আইফোন এসই, আইপ্যাড এয়ার২, আইপ্যাড মিনি৪ ও আইপড টাচ ৭জি ব্যবহারকারীরা নতুন সংস্করণটি ব্যবহারের সুযোগ পাবেন। নিরাপদ থাকতে পুরোনো আইফোন ও আইপ্যাড ব্যবহারকারীদের দ্রুত হালনাগাদ সংস্করণটি ব্যবহারের পরামর্শ দিয়েছে অ্যাপল।
সূত্র: টাইমস অব ইন্ডিয়া

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ফেসবুক আইডি ও পাসওয়ার্ড চুরি

ওয়েব ব্রাউজারে বাড়তি সুবিধা পেতে অনেকেই এক বা একাধিক এক্সটেনশন ব্যবহার করেন। আর তাই এবার ব্রাউজারে ওপেনএআইর তৈরি চ্যাটজিপিটির এক্সটেনশন যোগ করার প্রলোভন দেখিয়ে ব্যবহারকারীদের ফেসবুক আইডি ও পাসওয়ার্ড চুরি করছে একদল হ্যাকার।

‘চ্যাটজিপিটি ফর গুগল’ নামের এক্সটেনশনটিতে ক্লিক করলে চ্যাটজিপিটি ফর গুগল এক্সটেনশনের আদলে ভুয়া একটি ওয়েবসাইট চালু হয়। এরপর ডাউনলোড অপশনে ক্লিক করলেই ফোন বা কম্পিউটারে ক্ষতিকর কোড প্রবেশ করে। পরে ট্রোজান ভাইরাসযুক্ত কোডগুলো ব্যবহারকারীদের ফেসবুক আইডি ও পাসওয়ার্ড চুরি করে হ্যাকারদের কাছে পাঠিয়ে দেয়। গুগলের নিরাপত্তাব্যবস্থার চোখ এড়িয়ে গত ফেব্রুয়ারি মাসে এক্সটেনশনটি ক্রোম স্টোরে আপলোড করা হয়। ফলে নিরাপদ ভেবে এরই মধ্যে পায় ৯ হাজার ব্যক্তি এক্সটেনশনটি ডাউনলোড করেছেন।

ভুয়া ব্রাউজার এক্সটেনশনের সন্ধান পাওয়ার পর ক্রোম স্টোর কর্তৃপক্ষকে সতর্ক করেছেন সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞরা। সাইবার আক্রমণ থেকে নিরাপদ থাকতে তৃতীয় পক্ষের ওয়েবসাইটের বদলে নির্মাতা প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে ব্রাউজার এক্সটেনশন ডাউনলোডের পরামর্শও দিয়েছেন তাঁরা।

উল্লেখ্য, গত ফেব্রুয়ারি মাসেও ওপেনএআইর তৈরি চ্যাটবট ‘চ্যাটজিপিটি’ নামানোর প্রলোভন দেখিয়ে ম্যালওয়্যার আক্রমণ চালিয়েছিল একদল হ্যাকার। তখনো প্রায় একই পদ্ধতিতে ব্যবহারকারীদের ফেসবুক, গুগল অ্যাকাউন্টের আইডি, পাসওয়ার্ডসহ ব্রাউজারে থাকা বিভিন্ন তথ্য চুরি করেছিল হ্যাকাররা।
সূত্র: ব্লিপিং কম্পিউটার

মাইক্রোসফটের নিজস্ব গেমস স্টোর তৈরির পরিকল্পনা

আইফোন ও অ্যান্ড্রয়েড স্মার্টফোনের জন্য একটি মোবাইল গেমস অ্যাপ স্টোর তৈরি করছে প্রযুক্তি প্রতিষ্ঠান মাইক্রোসফট। আগামী বছরের শুরুর দিকে এই স্টোর উন্মুক্ত করার পরিকল্পনা নিয়ে এগোচ্ছে প্রতিষ্ঠানটি। সংবাদমাধ্যমে প্রকাশিত সাম্প্রতিক এক প্রতিবেদনে বলা হয়েছে, এই পরিকল্পনা বাস্তবায়নে মাইক্রোসফট ইতিমধ্যে ভিডিও গেম কোম্পানি অ্যাকটিভিশন ব্লিজার্ড কিনে নিচ্ছে। মাইক্রোসফটের সাড়ে সাত হাজার কোটি (৭৫ বিলিয়ন) ডলারের অ্যাকটিভিশন ব্লিজার্ড অধিগ্রহণ এখন নিয়ন্ত্রক সংস্থার অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

দ্য ফিন্যান্সিয়াল টাইমসকে মাইক্রোসফটের গেমিং প্রধান ফিল স্পেনসার বলেছেন, ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ডিজিটাল মার্কেট অ্যাক্ট (ডিএমএ) ২০২৪ সালের মার্চে কার্যকর হবে। এই আইন মাইক্রোসফটের মোবাইল অ্যাপ স্টোর তৈরির লক্ষ্য অর্জনে সহায়তা করবে। অ্যাপল ও গুগলকে ডিএমএ অনুরোধ করবে তাদের সিস্টেম উন্মুক্ত করে আইফোন ও অ্যান্ড্রয়েড ফোনে মাইক্রোসফটের অ্যাপ স্টোরকে জায়গা দিতে।

ফিল স্পেনসার বলেন, ‘আমাদের লক্ষ্য হলো মানুষ খেলতে চায়, এমন যেকোনো পর্দায় আমাদের তৃতীয় পক্ষের অংশীদারদের কাছ থেকে এক্সবক্স ও আধেয় (কনটেন্ট) সরবরাহ করা। আমরা মুঠোফোনে এখন তা করতে পারি না। কিন্তু আমরা এমন একটা বিশ্বের দিকে যেতে চাই, যেখানে সেটা করা সম্ভব হবে। আমরা মনে করি, সামনের দিনে তা হবে।’

যদিও যুক্তরাষ্ট্র, ইউরোপ ও যুক্তরাজ্যের নিয়ন্ত্রকেরা অ্যাকটিভিশন ব্লিজার্ডকে মাইক্রোসফটের অধিগ্রহণের ফলে এই বাজারে প্রতিযোগিতায় যে প্রভাব পড়বে, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। ফলে মাইক্রোসফট বর্তমানে এই নিয়ন্ত্রকদের মোকাবিলা করছে।

এই ব্যাপারে ফিল স্পেনসারের অভিমত হলো, মাইক্রোসফটের এই অধিগ্রহণ গেমিংয়ে প্রভাবশালী প্ল্যাটফর্মে বরং প্রতিযোগিতা বাড়াবে।

সূত্র: লাইভ মিন্ট ডটকম

[redacted]

[redacted]

গ্রাহক বাড়াবে কি না, তা বলা কঠিন। কিন্তু এটা কল্পনা করা যাচ্ছে যে হলে সিনেমার বাড়তি মুক্তি জনসাধারণের মনে অ্যাপলের অবস্থান আরও শক্ত করবে এবং নতুন সিনেমা মানুষজনকে সিনেপ্লেক্সে নিয়ে যাবে।

সূত্র : দ্য ভার্জ

নতুন আপডেটে হোয়াটস অ্যাপ গ্রুপ

২১ মার্চ মার্ক জাকারবার্গ হোয়াটস অ্যাপে একাধিক নতুন আপডেটের তথ্য দিয়েছেন। নতুন আপডেটে হোয়াটস অ্যাপ গ্রুপে এডমিনরা তাদের গ্রুপের প্রাইভেসির ক্ষেত্রে বেশি নিয়ন্ত্রণ পাবে। এছাড়া ব্যবহারকারীরাও কিছু সুবিধা পাবেন। কোনো কন্টাক্টের সঙ্গে কোন কোন গ্রুপে তারা আছেন তাও দেখা যাবে এখন থেকে।

গত বছর হোয়াটস অ্যাপ কমিউনিটিজ এর ঘোষণা দিয়ে একাধিক গ্রুপকে একটি বড় গ্রুপের আওতায় আনার সিদ্ধান্ত নেয়। বড় পরিসরের গ্রুপ হওয়ায় এডমিনদেরও নানা সময়ে হিমশিম খেতে হয়। কিন্তু নতুন আপডেটে কারা গ্রুপে জয়েন করবে তার ওপর এডমিনদের আরও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা হচ্ছে।

যখনই কোনো এডমিন তার গ্রুপের লিংক শেয়ার করবে কিংবা কমিউনিটিতে গ্রুপ যুক্ত করবে তখন গ্রুপে অংশগ্রহণে আগ্রহীদের একটি তালিকা দেখা যাবে। পেন্ডিং তালিকা থেকে নতুন মেম্বারদের যুক্ত করার পাশাপাশি রিজেক্ট করারও সুযোগ থাকছে। তাছাড়া একে অপরের সঙ্গে মিউচুয়াল গ্রুপের ফিচার যুক্ত করায় অনেকে গ্রুপের নামও মনে করতে পারবে খুব সহজেই।
সূত্র: ইন্ডিয়ান এক্সপ্রেস

কৃত্রিম বুদ্ধিমত্তা কাজে লাগিয়ে ছবি তৈরি করে দেবে বিং সার্চ ইঞ্জিন

লেখার বিষয়বস্তু বুঝে নিজ থেকেই প্রয়োজনীয় ছবি তৈরি করে দেবে বিং সার্চ ইঞ্জিন। এর ফলে অনলাইনে খুঁজে না পেলেও নিজেদের প্রয়োজন অনুযায়ী ছবি তৈরি করা যাবে। নতুন এ সুবিধা দিতে সার্চ ইঞ্জিনটিতে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির ‘বিং ইমেজ ক্রিয়েটর’ যুক্ত করেছে মাইক্রোসফট। প্রতিষ্ঠানটির তথ্যমতে, চ্যাটজিপিটির নির্মাতা প্রতিষ্ঠান ওপেন এআইয়ের তৈরি ড্যাল-ই (ডিএএলএল-ই) ডিপ লার্নিং মডেল কাজে লাগিয়ে কয়েক সেকেন্ডের মধ্যেই প্রয়োজনীয় ছবি তৈরি করে দেবে বিং ইমেজ ক্রিয়েটর।

মাইক্রোসফট জানিয়েছে, বিং ব্যবহারকারীদের অনলাইনে তথ্য খোঁজার তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে ছবি। আগে ব্যবহারকারীরা শুধু অনলাইনে থাকা ছবি অনুসন্ধান করতে পারতেন। এখন থেকে নিজেদের প্রয়োজনমতো ছবিও তৈরি করতে পারবেন। ছবির বিষয়বস্তু বা বর্ণনা লিখে দিলেই ছবি তৈরি করে দেবে বিং সার্চ ইঞ্জিন। চাইলে নিজেদের কল্পনা বা সৃজনশীলতা কাজে লাগিয়েও নতুন ছবি তৈরি করা যাবে।

মাইক্রোসফটের করপোরেট ভাইস প্রেসিডেন্ট ইউসুফ মেহদি জানিয়েছেন, ‘ইমেজ ক্রিয়েটরের সম্ভাব্য অপব্যবহার রুখতে আমরা আমাদের অংশীদার ড্যাল-ইর নির্মাতা ওপেন এআইয়ের সঙ্গে কাজ করছি। আমরা বিং ইমেজ ক্রিয়েটরের দায়িত্বশীল ব্যবহারকে উৎসাহিত করতে চাই।’

বিং চ্যাটে যুক্ত হওয়া পরীক্ষামূলক এই সুবিধা এরই মধ্যে নির্দিষ্টসংখ্যক ব্যবহারকারী মুঠোফোন ও কম্পিউটারে পরখ করতে পারছেন। পরীক্ষামূলক সংস্করণটি প্রাথমিকভাবে শুধু ইংরেজি ভাষায় ব্যবহার করা যাবে।

সম্প্রতি ওপেন এআইয়ের তৈরি চ্যাটবট ‘চ্যাটজিপিটি’র এআই প্রযুক্তি নিজেদের সার্চ ইঞ্জিন বিংয়ে যুক্ত করেছে মাইক্রোসফট। এর পর থেকেই বিংয়ে নতুন নতুন সুবিধা যোগ করছে প্রতিষ্ঠানটি। এরই ধারাবাহিকতায় এবার কৃত্রিম বুদ্ধিমত্তা কাজে লাগিয়ে ছবি তৈরির সুবিধা চালু করা হলো।
সূত্র: বিজিআর ডটকম

[redacted] [redacted] ‘[redacted]’ [redacted]

[redacted]

[redacted], [redacted]

[redacted]

[redacted]: [redacted]